

যুগান্তর

তারিখ
পৃষ্ঠা ১৫ কলাম ৬

AUG 28 2002

ছাত্র ও শিক্ষক রাজনীতি বন্ধ করা উচিত

শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক ছাত্র রাজনীতি সম্পর্কে বলেছেন, যে রাজনীতি ক্যাম্পাসকে কলংকিত করে তা বন্ধ করাই রাজনীতি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

রাজনীতি : শিক্ষামন্ত্রী

উচিত। তিনি ছাত্র রাজনীতি বন্ধ করার পাশাপাশি শিক্ষক রাজনীতিও বন্ধ করার পক্ষে মত দেন।

গতকাল ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে ইসলামী ছাত্রশিবির আয়োজিত দিনব্যাপী জাতীয় শিক্ষা মেলায় কৃতী ছাত্রদের মুখোমুখি প্রশ্নোত্তরে মন্ত্রী এ কথা বলেন। মন্ত্রী বলেন, আগে ছাত্ররা জাতীয় আন্দোলনের নেতৃত্ব দিত। এখন ছাত্র রাজনীতি মানেই বড় দলগুলোর লেজুড়বৃত্তি করা। তিনি বলেন, আমাদের সময়ে ফাস্টফুস ফাস্ট না হলে ছাত্রনেতা হওয়া যেত না। এখন যে যত বড় ক্যাডার সে ততবড় নেতা।

জাতীয় শিক্ষা মেলায় মন্ত্রী সরাসরি বিভিন্ন প্রশ্নের জবাব দেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র জুলফিকার আম্মান সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রী হলের ঘটনায় সরকারের ও দুর্বলতা ছিল, এ বিষয়ে প্রশ্ন করলে মন্ত্রী বলেন— এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা, বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। এখানে সরকারের চেয়ে বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষকদের দায়-দায়িত্ব অনেক বেশি। শুধু সরকারকে দায়ী করলে চলবে না, উচ্চ শিক্ষার্থে মেধাবীরা বিদেশ গিয়ে কেন ফিরে আসে না? মেধাবী ছাত্র মামুন আল রশিদের এই প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, সবারই ব্যক্তি স্বাধীনতা আছে। যতদিন পর্যন্ত দেশে মেধা অনুযায়ী মেধাবীদের সত্যিকার মূল্যায়ন হবে না ততদিন আইন করে মেধাবীদের দেশে ফিরিয়ে আনা যাবে না। মেধাবীদের মূল্যায়নের জন্য দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, অর্থনৈতিক কর্মকাণ্ড ও সামাজিক নিরাপত্তা আরও জোরদার করতে হবে। শিক্ষাঙ্গনে নকল সম্পর্কে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, নকল হচ্ছে ক্যাম্পাসের মতো নিঃশব্দ আততায়ী। কোন পরিস্থিতিতেই এটা মানা যায় না। এর জন্য শিক্ষকরাও কম দায়ী নন। তিনি উদাহরণস্বরূপ বলেন, গ্রামের অধিকাংশ কলেজে শিক্ষকরা তাদের বেতন বাচাতে ছাত্রদের নকল করে পাস করার সুযোগ করে দেন।